শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001, ISO 14001 & ISO 45001 Certified

# সেচ কার্যক্রম সংক্রান্ত গ্রাহক সচেতনতা বিজ্ঞপ্তি

সুপ্রিয় গ্রাহক,

আস্‌সালামু আলাইকুম। আশা করি ভাল আছেন। আপনি জানেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের "সোনার বাংলা" বিনির্মাণের লক্ষ্যে গ্রামীণ জীবনমান উন্নয়নে পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম শুরু হয়। এ লক্ষ্যকে সামনে রেখে দেশে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের লক্ষ্যে বর্তমান পরিস্থিতিতে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা হলো "খাদ্য উৎপাদন ব্যবস্থা চালু রাখা, অধিক ফসল উৎপাদন করা, খাদ্য নিরাপত্তার জন্য যা যা করা দরকার তা করতে হবে; কোন জমি যেন পতিত না থাকে"। এ নির্দেশনার আলোকে সারা বছরব্যাপী সেচ সংযোগের সকল আবেদনকারীকে দ্রুত সংযোগ প্রদান করা হচ্ছে।

- কৃষি মন্ত্রণালয়ের সিদ্ধান্ত ও বিধি-বিধানের আলোকে প্রদত্ত উপজেলা সেচ কমিটির ছাড়পত্র এবং জমির মালিকানা নিশ্চিত হয়ে বিদ্যুৎ বিভাগের প্রদত্ত নির্দেশনার আলোকে দ্রুত নতুন সেচ সংযোগ প্রদান করা হচ্ছে।



- উপজেলা সেচ কমিটির ছাড়পত্র সহজীকরণ ও হয়রানিমুক্তকরণের জন্য স্ব স্ব পবিস কর্তৃক জেলা প্রশাসক, জেলা কৃষি অফিসার, জেলা বিএডিসি পর্যায়ের কর্মকর্তাদের (প্রয়োজনীয় পত্র মারফত) সহযোগিতা গ্রহণ করতে হবে। সেচ যন্ত্রের বোরিং দূরত্বের (একটি হতে অপরটির দূরত্ব) বিষয়ে প্রকাশিত বাংলাদেশ গেজেটের নীতিমালা অনুসরণপূর্বক যাতে ছাড়পত্র প্রদান করা হয় সে বিষয়ে সেচ কমিটির সভায় বা উপজেলা/জেলা সমন্বয় সভায় বিষয়টি অবহিত করতে হবে।

- সংযোগ প্রত্যাশি যে গ্রাহক উপজেলা সেচ কমিটির ছাড়পত্র আগে পল্লী বিদ্যুৎ সমিতিতে জমা প্রদান করবেন তিনি নতুন সেচ সংযোগের ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। একই সাথে উপজেলা সেচ কমিটির ছাড়পত্র পল্লী বিদ্যুৎ সমিতিতে জমা হওয়ার সাথে সাথে সমিতির সদস্য সেবা বিভাগ কর্তৃক তা রেজিস্টারে এন্ট্রিপূর্বক ক্রম তৈরি করবেন এবং রেজিস্টারের ক্রম অনুযায়ী দ্রুততার সাথে সংযোগ নিশ্চিত করবেন।

- নতুন বা পুরাতন সেচ সংযোগের জন্য স্থাপিত ট্রান্সফরমার হতে অন্য কোন শ্রেণির গ্রাহককে সংযোগ দেয়া হবে না। মৌসুমের মাঝখানে সংযোগ প্রদান/বিচ্ছিন্নের ক্ষেত্রে মাঠের ফসল যাতে নষ্ট না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে।

- সমিতি স্টোরে ট্রান্সফরমার মজুদ থাকা অবস্থায় কোন গ্রাহক ট্রান্সফরমার ক্রয় করবেন না। ট্রান্সফরমার মজুদ থাকা সত্ত্বেও গ্রাহকের ক্রয়কৃত ট্রান্সফরমারের মাধ্যমে সেচ সংযোগ প্রদান করা হলে দায়ী সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

- সার্ভিস ড্রপের (১৩০ ফুট) আওতায় বৈদ্যুতিক লাইন নির্মিত না থাকলে গ্রাহকের নিকট হতে পোল, তারসহ সমুদয় নির্মাণ ব্যয় গ্রহণ সাপেক্ষে পবিস কর্তৃক ডিপোজিট ওয়ার্কের নীতিমালায় পবিসের নির্মিত লাইন হতে সর্বোচ্চ ৩ (তিন) স্প্যান লাইন তৈরি করা যাবে। ক্ষেত্র বিশেষে এর অধিক লাইন নির্মাণের প্রয়োজন দেখা দিলে কেস-টু-কেস বিবেচনায় বাপবিবোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে। তবে, এ বিষয়ে উপজেলা সেচ কমিটির নিকট এতদসংক্রান্ত প্রতিবেদন দাখিল করতে হবে। উক্ত কমিটির সিদ্ধান্তক্রমে বিষয়টি দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি করা হবে।

- শুধুমাত্র সমিতির স্টোরে প্রযোজ্য সাইজের ট্রান্সফরমার (নতুন/মেরামতকৃত) মজুদ না থাকলে জরুরি প্রয়োজনে গ্রাহক কর্তৃক বাপবিবো'র স্ট্যান্ডার্ড অনুযায়ী ট্রান্সফরমার ক্রয়পূর্বক সমিতিতে জমা প্রদান করতে পারবে এবং সমিতি কর্তৃক উক্ত ট্রান্সফরমার ওয়ার্কশপে পরীক্ষা করতঃ গ্রাহক প্রান্তে স্থাপন করবে। এক্ষেত্রে ট্রান্সফরমারের মূল্য (বাপবিবো'র নির্ধারিত মূল্য বা গ্রাহক কর্তৃক ক্রয়কৃত মূল্য, যা কম হয়) গ্রাহকের বিদ্যুৎ বিলের সঙ্গে পর্যায়ক্রমে সমন্বয়পূর্বক গ্রাহককে ফেরৎ প্রদান করা হবে।

- গত বছর বা তৎপূর্বে অস্থায়ী সংযোগ শেষে গ্রাহকের বাড়ীতে যে সকল সার্ভিস তার ও ট্রান্সফরমার সংরক্ষিত ছিল, তা চলতি বছরের সংযোগে ব্যবহার করা যাবে। তবে ট্রান্সফরমার পুনঃস্থাপনের পূর্বে গ্রাহক কর্তৃক পবিস ওয়ার্কসপে নিয়ে প্রিভেন্টিভ/রুটিন রক্ষণাবেক্ষণ করা হবে। চলতি বছরে যদি উক্ত গ্রাহক পুনঃসংযোগ গ্রহণ না করেন, তবে জরুরিভিত্তিতে ঐ সকল মালামাল পবিস স্টোরে ফেরৎ আনতে হবে এবং সেচ সংযোগের কাজে পুনঃব্যবহার করা হবে।

- নতুন সেচ সংযোগের ক্ষেত্রে পবিস কর্তৃক বিনামূল্যে মিটার আইটেম (জে-৩৯ ও জে-৩) এবং মিটার সকেট (জে-৫) সরবরাহ করতে হবে। পুরাতন সেচ গ্রাহকের মিটার পরিবর্তনের প্রয়োজন হলে সমিতি কর্তৃক বিনামূল্যে মিটার আইটেম (জে-৩৯ ও জে-৩) সরবরাহ করতে হবে। উভয় ক্ষেত্রে বিইআরসি'র নীতিমালা অনুযায়ী মাসিক মিটার ভাড়া আদায় করতে হবে।

- সেচ খাতে প্রাকৃতিক কারণে মিটার, ট্রান্সফরমার, বৈদ্যুতিক লাইন নষ্ট হলে পবিস কর্তৃক সকল ক্ষেত্রে বিনামূল্যে মিটার, বৈদ্যুতিক লাইন ও ট্রান্সফরমার সরবরাহ এবং বিনামূল্যে ক্ষতিগ্রস্ত ট্রান্সফরমার মেরামত করবে। এছাড়া মিটার ও মিটার সকেট চুরির ক্ষেত্রে পবিস নির্দেশিকা ৩০০-৩০ এর বিধি মোতাবেক কার্যব্যবস্থা গ্রহণ করবে।

- গ্রাহকের হস্তক্ষেপে মিটার, ট্রান্সফরমার, বৈদ্যুতিক লাইন নষ্ট হওয়ার বিষয়টি তদন্তে প্রমাণিত হলে সকল ক্ষেত্রে গ্রাহক কর্তৃক মূল্য পরিশোধ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে মেরামত মূল্য)।



- সমিতির সরবরাহকৃত ট্রান্সফরমার চুরি হলে প্রথম বার চুরিকৃত ট্রান্সফরমারের ৫০% মূল্য গ্রাহক পরিশোধ করবে। ২য় বার বা পরবর্তী সময়ে যতবারই ট্রান্সফরমার চুরি হবে ততবারই গ্রাহককে নতুন ট্রান্সফরমার ক্রয় বা ট্রান্সফরমারের মূল্য বাবদ ১০০% অর্থ পরিশোধ করতে হবে। তবে গ্রাহকের ক্রয়কৃত ট্রান্সফরমার চুরি হলে একই সাইজের ট্রান্সফরমার গ্রাহক কর্তৃক সরবরাহ করতে হবে।

- কোন গ্রাহক সেচ সংযোগ গ্রহণ করে সেচ ব্যতীত অন্য ক্যাটাগরিতে বিদ্যুৎ ব্যবহার করলে প্রযোজ্য সকল জরিমানাসহ ব্যবহৃত সংযোগ ক্যাটাগরির জন্য প্রযোজ্য বিল গ্রাহকের নিকট হতে আদায় করা হবে।

- সেচ নীতিমালার সার-সংক্ষেপ বিশেষ করে গ্রাহকগণ বিনামূল্যে কি কি সুবিধা পাবেন; ডিপোজিট ওয়ার্কের আওতায় গ্রাহক নিজ খরচে কতটুকু লাইন তৈরি করতে পারবেন; কি কি মালামালের খরচ গ্রাহককে বহন করতে হবে। এতদসংক্রান্ত বিষয়ে প্রতিটি সমিতির সদর দপ্তরে সিটিজেন চার্টারের ন্যায় প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে।

- সর্বোপরি বর্তমান সেচ নীতিমালার আওতায় সকল সেচ আবেদনকারীর সংযোগ প্রদান করা হবে। এক্ষেত্রে সমিতির উপকেন্দ্র এবং ৩৩ কেভি ও ১১ কেভি ফিডার ওভারলোডের অজুহাতে সেচ সংযোগ বন্ধ রাখা হবে না। ওভারলোড থাকলে তা নিরসন করে দ্রুত সেচ সংযোগ প্রদান করা হবে। এ ক্ষেত্রে শিথিলতা প্রমাণিত হলে দায়ী সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

- সেচ সংক্রান্ত যে কোন সমস্যা অথবা তথ্যের জন্য সমিতির "সেচ নিয়ন্ত্রণ কক্ষে" যোগাযোগ করুন।

**পরিশেষে সবাইকে নতুন বছরের শুভেচ্ছাসহ মঙ্গলময় জীবন কামনা করছি।**

ধন্যবাদান্তে
স্বাক্ষরিত
**মোহাং সেলিম উদ্দিন**
চেয়ারম্যান, বাপবিবো।

ISO 9001, ISO 14001 & ISO 45001 Certified

## বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

www.reb.gov.bd

প্রচারে: জনসংযোগ পরিদপ্তর।

# সেচ কার্যক্রম সংক্রান্ত গ্রাহক সচেতনতা বিজ্ঞপ্তি

সুপ্রিয় গ্রাহক,

আস্‌সালামু আলাইকুম। আশা করি ভাল আছেন। আপনি জানেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের "সোনার বাংলা" বিনির্মাণের লক্ষ্যে গ্রামীণ জীবনমান উন্নয়নে পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম শুরু হয়। এ লক্ষ্যকে সামনে রেখে দেশে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের লক্ষ্যে বর্তমান পরিস্থিতিতে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা হলো "খাদ্য উৎপাদন ব্যবস্থা চালু রাখা, অধিক ফসল উৎপাদন করা, খাদ্য নিরাপত্তার জন্য যা যা করা দরকার তা করতে হবে; কোন জমি যেন পতিত না থাকে"। এ নির্দেশনার আলোকে সারা বছরব্যাপী সেচ সংযোগের সকল আবেদনকারীকে দ্রুত সংযোগ প্রদান করা হচ্ছে।

- কৃষি মন্ত্রণালয়ের সিদ্ধান্ত ও বিধি-বিধানের আলোকে প্রদত্ত উপজেলা সেচ কমিটির ছাড়পত্র এবং জমির মালিকানা নিশ্চিত হয়ে বিদ্যুৎ বিভাগের প্রদত্ত নির্দেশনার আলোকে দ্রুত নতুন সেচ সংযোগ প্রদান করা হচ্ছে।



- উপজেলা সেচ কমিটির ছাড়পত্র সহজীকরণ ও হয়রানিমুক্তকরণের জন্য স্ব স্ব পবিস কর্তৃক জেলা প্রশাসক, জেলা কৃষি অফিসার, জেলা বিএডিসি পর্যায়ের কর্মকর্তাদের (প্রয়োজনীয় পত্র মারফত) সহযোগিতা গ্রহণ করতে হবে। সেচ যন্ত্রের বোরিং দূরত্বের (একটি হতে অপরটির দূরত্ব) বিষয়ে প্রকাশিত বাংলাদেশ গেজেটের নীতিমালা অনুসরণপূর্বক যাতে ছাড়পত্র প্রদান করা হয় সে বিষয়ে সেচ কমিটির সভায় বা উপজেলা/জেলা সমন্বয় সভায় বিষয়টি অবহিত করতে হবে।

- সংযোগ প্রত্যাশি যে গ্রাহক উপজেলা সেচ কমিটির ছাড়পত্র আগে পল্লী বিদ্যুৎ সমিতিতে জমা প্রদান করবেন তিনি নতুন সেচ সংযোগের ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। একই সাথে উপজেলা সেচ কমিটির ছাড়পত্র পল্লী বিদ্যুৎ সমিতিতে জমা হওয়ার সাথে সাথে সমিতির সদস্য সেবা বিভাগ কর্তৃক তা রেজিস্টারে এন্ট্রিপূর্বক ক্রম তৈরি করবেন এবং রেজিস্টারের ক্রম অনুযায়ী দ্রুততার সাথে সংযোগ নিশ্চিত করবেন।

- নতুন বা পুরাতন সেচ সংযোগের জন্য স্থাপিত ট্রান্সফরমার হতে অন্য কোন শ্রেণির গ্রাহককে সংযোগ দেয়া হবে না। মৌসুমের মাঝখানে সংযোগ প্রদান/বিচ্ছিন্নের ক্ষেত্রে মাঠের ফসল যাতে নষ্ট না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে।

- সমিতি স্টোরে ট্রান্সফরমার মজুদ থাকা অবস্থায় কোন গ্রাহক ট্রান্সফরমার ক্রয় করবেন না। ট্রান্সফরমার মজুদ থাকা সত্ত্বেও গ্রাহকের ক্রয়কৃত ট্রান্সফরমারের মাধ্যমে সেচ সংযোগ প্রদান করা হলে দায়ী সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

- সার্ভিস ড্রপের (১৩০ ফুট) আওতায় বৈদ্যুতিক লাইন নির্মিত না থাকলে গ্রাহকের নিকট হতে পোল, তারসহ সমুদয় নির্মাণ ব্যয় গ্রহণ সাপেক্ষে পবিস কর্তৃক ডিপোজিট ওয়ার্কের নীতিমালায় পবিসের নির্মিত লাইন হতে সর্বোচ্চ ৩ (তিন) স্প্যান লাইন তৈরি করা যাবে। ক্ষেত্র বিশেষে এর অধিক লাইন নির্মাণের প্রয়োজন দেখা দিলে কেস-টু-কেস বিবেচনায় বাপবিবোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে। তবে, এ বিষয়ে উপজেলা সেচ কমিটির নিকট এতদসংক্রান্ত প্রতিবেদন দাখিল করতে হবে। উক্ত কমিটির সিদ্ধান্তক্রমে বিষয়টি দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি করা হবে।

- শুধুমাত্র সমিতির স্টোরে প্রযোজ্য সাইজের ট্রান্সফরমার (নতুন/মেরামতকৃত) মজুদ না থাকলে জরুরি প্রয়োজনে গ্রাহক কর্তৃক বাপবিবো'র স্ট্যান্ডার্ড অনুযায়ী ট্রান্সফরমার ক্রয়পূর্বক সমিতিতে জমা প্রদান করতে পারবে এবং সমিতি কর্তৃক উক্ত ট্রান্সফরমার ওয়ার্কশপে পরীক্ষা করতঃ গ্রাহক প্রান্তে স্থাপন করবে। এক্ষেত্রে ট্রান্সফরমারের মূল্য (বাপবিবো'র নির্ধারিত মূল্য বা গ্রাহক কর্তৃক ক্রয়কৃত মূল্য, যা কম হয়) গ্রাহকের বিদ্যুৎ বিলের সঙ্গে পর্যায়ক্রমে সমন্বয়পূর্বক গ্রাহককে ফেরৎ প্রদান করা হবে।

- গত বছর বা তৎপূর্বে অস্থায়ী সংযোগ শেষে গ্রাহকের বাড়ীতে যে সকল সার্ভিস তার ও ট্রান্সফরমার সংরক্ষিত ছিল, তা চলতি বছরের সংযোগে ব্যবহার করা যাবে। তবে ট্রান্সফরমার পুনঃস্থাপনের পূর্বে গ্রাহক কর্তৃক পবিস ওয়ার্কসপে নিয়ে প্রিভেন্টিভ/রুটিন রক্ষণাবেক্ষণ করা হবে। চলতি বছরে যদি উক্ত গ্রাহক পুনঃসংযোগ গ্রহণ না করেন, তবে জরুরিভিত্তিতে ঐ সকল মালামাল পবিস স্টোরে ফেরৎ আনতে হবে এবং সেচ সংযোগের কাজে পুনঃব্যবহার করা হবে।

- নতুন সেচ সংযোগের ক্ষেত্রে পবিস কর্তৃক বিনামূল্যে মিটার আইটেম (জে-৩৯ ও জে-৩) এবং মিটার সকেট (জে-৫) সরবরাহ করতে হবে। পুরাতন সেচ গ্রাহকের মিটার পরিবর্তনের প্রয়োজন হলে সমিতি কর্তৃক বিনামূল্যে মিটার আইটেম (জে-৩৯ ও জে-৩) সরবরাহ করতে হবে। উভয় ক্ষেত্রে বিইআরসি'র নীতিমালা অনুযায়ী মাসিক মিটার ভাড়া আদায় করতে হবে।

- সেচ খাতে প্রাকৃতিক কারণে মিটার, ট্রান্সফরমার, বৈদ্যুতিক লাইন নষ্ট হলে পবিস কর্তৃক সকল ক্ষেত্রে বিনামূল্যে মিটার, বৈদ্যুতিক লাইন ও ট্রান্সফরমার সরবরাহ এবং বিনামূল্যে ক্ষতিগ্রস্ত ট্রান্সফরমার মেরামত করবে। এছাড়া মিটার ও মিটার সকেট চুরির ক্ষেত্রে পবিস নির্দেশিকা ৩০০-৩০ এর বিধি মোতাবেক কার্যব্যবস্থা গ্রহণ করবে।

- গ্রাহকের হস্তক্ষেপে মিটার, ট্রান্সফরমার, বৈদ্যুতিক লাইন নষ্ট হওয়ার বিষয়টি তদন্তে প্রমাণিত হলে সকল ক্ষেত্রে গ্রাহক কর্তৃক মূল্য পরিশোধ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে মেরামত মূল্য)।



- সমিতির সরবরাহকৃত ট্রান্সফরমার চুরি হলে প্রথম বার চুরিকৃত ট্রান্সফরমারের ৫০% মূল্য গ্রাহক পরিশোধ করবে। ২য় বার বা পরবর্তী সময়ে যতবারই ট্রান্সফরমার চুরি হবে ততবারই গ্রাহককে নতুন ট্রান্সফরমার ক্রয় বা ট্রান্সফরমারের মূল্য বাবদ ১০০% অর্থ পরিশোধ করতে হবে। তবে গ্রাহকের ক্রয়কৃত ট্রান্সফরমার চুরি হলে একই সাইজের ট্রান্সফরমার গ্রাহক কর্তৃক সরবরাহ করতে হবে।

- কোন গ্রাহক সেচ সংযোগ গ্রহণ করে সেচ ব্যতীত অন্য ক্যাটাগরিতে বিদ্যুৎ ব্যবহার করলে প্রযোজ্য সকল জরিমানাসহ ব্যবহৃত সংযোগ ক্যাটাগরির জন্য প্রযোজ্য বিল গ্রাহকের নিকট হতে আদায় করা হবে।

- সেচ নীতিমালার সার-সংক্ষেপ বিশেষ করে গ্রাহকগণ বিনামূল্যে কি কি সুবিধা পাবেন; ডিপোজিট ওয়ার্কের আওতায় গ্রাহক নিজ খরচে কতটুকু লাইন তৈরি করতে পারবেন; কি কি মালামালের খরচ গ্রাহককে বহন করতে হবে। এতদসংক্রান্ত বিষয়ে প্রতিটি সমিতির সদর দপ্তরে সিটিজেন চার্টারের ন্যায় প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে।

- সর্বোপরি বর্তমান সেচ নীতিমালার আওতায় সকল সেচ আবেদনকারীর সংযোগ প্রদান করা হবে। এক্ষেত্রে সমিতির উপকেন্দ্র এবং ৩৩ কেভি ও ১১ কেভি ফিডার ওভারলোডের অজুহাতে সেচ সংযোগ বন্ধ রাখা হবে না। ওভারলোড থাকলে তা নিরসন করে দ্রুত সেচ সংযোগ প্রদান করা হবে। এ ক্ষেত্রে শিথিলতা প্রমাণিত হলে দায়ী সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

- সেচ সংক্রান্ত যে কোন সমস্যা অথবা তথ্যের জন্য সমিতির "সেচ নিয়ন্ত্রণ কক্ষে" যোগাযোগ করুন।

**পরিশেষে সবাইকে নতুন বছরের শুভেচ্ছাসহ মঙ্গলময় জীবন কামনা করছি।**

ধন্যবাদান্তে
স্বাক্ষরিত
**মোহাং সেলিম উদ্দিন**
চেয়ারম্যান, বাপবিবো।

## বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

www.reb.gov.bd

প্রচারে: জনসংযোগ পরিদপ্তর।